# মুখবন্ধ


বর্তমান উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার ও ডুয়ার্স অঞ্চলে অসংখ্য চা-বাগান রয়েছে। এইসব চা-বাগানে বহুদিন থেকে যাঁরা শ্রমিক হিসেবে কাজ ক'রে এবং বসবাস করে চলেছে, তাঁদের একটি বৃহত্তর অংশের কথ্যভাষা সাদ্রি।

কথ্যভাষা হিসেবে সাদ্রি নানা দিক থেকে গুরুত্বপূর্ণ। বর্তমানে হিন্দী ও নেপালীর প্রভাবে এই কথ্যভাষার অবলুপ্তি ঘটে চলেছে। এদিক থেকে বিচার করে এই কথ্যভাষার ইতিবৃত্ত খুবই গুরুত্বপূর্ণ বলে মনে হয়।

সাদ্রি ভাষার ওপর কিছু কিছু আলোচনা হলেও গবেষণামূলক তেমন কোন কাজ হয়নি। একথা মনে রেখেই সাদ্রি কথ্যভাষার ওপর গবেষণার কাজে আগ্রহ বোধ করেছি এবং এই কথ্যভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বিশ্লেষণ করেছি। এই কাজ করতে গিয়ে মূলত নির্ভর করেছি বর্ণনামূলক ভাষাবিজ্ঞানের প্রণালীতত্ত্বের ওপর।

আমার এই গবেষণার নির্দেশক অধ্যাপক প্রণয়কুমার কুণ্ডু। তাঁরই নির্দেশ অনুসারে এই গবেষণা সম্পন্ন হয়েছে।

মৈত্রমোহন সরকার



তরাই চা-জেলার বাগান
স্কেল
মাইল
N
দার্জিলিং
চা
জেলা
শিবক
শিলিগুড়ি জংশন
শিলিগুড়ি
পূ র্ণি য়া
নির্দেশিকা
জেলার সীমানা
চা বাগানের সীমানা
রেলপথ
সেতু
নদী
রেল স্টেশন
শহর
রাস্তা